APR. 30 2002

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ইডেন কলেজে ছাত্রদলের দুগ্রুপে হাতাহাতি পুলিশ মোতায়েন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : রাজধানীর ইডেন মহিলা কলেজে গতকাল ছাত্রদলের দুগ্রুপের কর্মীদের মধ্যে হাতাহাতি হলে ক্যাম্পাসে সাময়িক উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। ছাত্রদলের সাইমুন, মুকুল এবং লাকী গ্রুপের মধ্যে এ হাতাহাতির ঘটনা ঘটে। পরে কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হলে পরিস্থিতি শান্ত হয়। এদিকে ঘটনার সূত্রপাত সম্পর্কে উভয় গ্রুপ পরস্পরকে দায়ী করেছে। ইডেন কলেজ ছাত্রদল শাখার সাধারণ সম্পাদক সাইমুন গ্রুপ অভিযোগ করেছে কলেজের জেবুন্নেসা হলে লাকী গ্রুপের আশ্রয়ে থাকা বহিরাগতদের বিষয়ে তারা প্রতিবাদ জানালে লাকী গ্রুপ হলের মেইন গেট আটকে রেখে চাবি নিয়ে নেয়। অপরদিকে লাকী গ্রুপ অভিযোগ করেছে সাইমুন গ্রুপ হলের সুপারের সঙ্গে এবং তাদের সঙ্গে দুর্ব্যবহার করে। এ নিয়ে উভয়পক্ষের নেতাকর্মীদের মধ্যে ধাক্কাধাক্কি এবং হাতাহাতি হয়।